গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৫২/২০১৯-২০২০

ঢাকা, ৯ সেপ্টেম্বর সোমবার ২০১৯, ২৫ ভাদ্র ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। একাদশ জাতীয় সংসদের চতুর্থ অধিবেশন শুরু, চলবে ১২ সেপ্টেম্বর পর্যন্ত
২। এরশাদের মৃত্যুতে সংসদে শোক প্রস্তাব গৃহীত
৩। জাতিসংঘে ভারতের প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা
৪। রোহিঙ্গা প্রত্যাবাসনের সমস্যা সমাধানে চীনের মধ্যস্থতায় নিউইয়র্কে বৈঠকে বসছে বাংলাদেশ ও মিয়ানমার
৫। রোহিঙ্গা শিবিরে এনজিওদের কর্মকাণ্ড খতিয়ে দেখা হচ্ছে :
মার্কিন রাষ্ট্রদূতের সাক্ষাৎ শেষে সাংবাদিকদের সেতুমন্ত্রী
৬। 'সত্যের স্পর্ধিত উচ্চারণ' গ্রন্থের মোড়ক উন্মোচন করলেন স্পিকার
৭। গণতন্ত্রের জন্য প্রয়োজন শক্তিশালী বিরোধীদল : তথ্যমন্ত্রী
৮। সরকার শিক্ষাকে অধিক গুরুত্ব দিয়ে যাচ্ছে : শিক্ষামন্ত্রী
৯। জেট্রো প্রতিনিধিদের সঙ্গে বৈঠক : গাড়ি নির্মাণে জাপানের বিনিয়োগ চাইলেন শিল্পমন্ত্রী
১০। বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলে বড় বিনিয়োগ করতে চায় এডিবি
১১। বিআইডব্লিউটিসি'র মূলধন উন্নীত হচ্ছে ৫০০ কোটি টাকায়
১২। বাংলাদেশ বিশ্বের কাছে এক বিস্ময়কর দেশ : স্থানীয় সরকার মন্ত্রী
১৩। পাটখাতের সমস্যা সমাধানে সরকার সচেষ্ট : পাটমন্ত্রী
১৪। রেলওয়ের জমি দখলমুক্ত করা হবে : রেলমন্ত্রী
১৫। শতভাগ সাক্ষরতা অর্জন বড় চ্যালেঞ্জ : প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী
১৬। আগামী ৯ অক্টোবর থেকে ২২ দিন ইলিশ ধরা ও বিক্রি নিষিদ্ধ
বাংলাদেশের জলসীমায় অনুপ্রবেশ করা দুই জাহাজের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা : মৎস্য প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

১। একাদশ জাতীয় সংসদের চতুর্থ অধিবেশন শুরু, চলবে ১২ সেপ্টেম্বর পর্যন্ত

একাদশ জাতীয় সংসদের চতুর্থ অধিবেশন শুরু হয়েছে। গতকাল (৮ সেপ্টেম্বর রোববার) বিকেল ৫টায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে এ অধিবেশন শুরু হয়। ৫ কার্যদিবসের স্বল্পকালীন এ অধিবেশন ১২ সেপ্টেম্বর পর্যন্ত চলবে। সূত্র : **যুগান্তর** (পৃ.৩,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

২। এরশাদের মৃত্যুতে সংসদে শোক প্রস্তাব গৃহীত

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আদালতের রায় অনুযায়ী সাবেক সামরিক শাসক জিয়াউর রহমান ও হুসেইন মুহম্মদ এরশাদকে রাষ্ট্রপতি বলা বৈধ নয়। খালেদা জিয়াই এরশাদের ক্ষমতা দখলের পথ সৃষ্টি করে দিয়েছিলেন বলেও এসময় মন্তব্য করেন তিনি। বিরোধীদলীয় নেতা এরশাদের মৃত্যুতে সংসদের বৈঠকে উত্থাপিত শোক প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে তিনি এ মন্তব্য করেন। প্রধানমন্ত্রী বলেন, ব্যক্তিজীবনে এরশাদ ছিলেন অমায়িক, মানুষের প্রতি তাঁর দরদ ছিল। পরে রেওয়াজ অনুযায়ী চলমান সংসদের সদস্য এরশাদের মৃত্যুতে আজ (৯ সেপ্টেম্বর সোমবার) বিকেল ৫টা পর্যন্ত সংসদ অধিবেশন মুলতবি করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

৩। জাতিসংঘে ভারতের প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

চলতি মাসের শেষ সপ্তাহে নিউইয়র্কে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মধ্যে দ্বিপক্ষীয় বৈঠক হতে পারে। একই সময়ে রোহিঙ্গা প্রত্যাবাসনের জট খুলতে বাংলাদেশ, মিয়ানমার ও চীনের পররাষ্ট্রমন্ত্রীরা বৈঠকে বসবেন নিউইয়র্কে। জাতিসংঘ সাধারণ অধিবেশনের ফাঁকে এসব বৈঠক হবে। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে এ তথ্য পাওয়া যায়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১)।

৪। রোহিঙ্গা প্রত্যাবাসনের সমস্যা সমাধানে চীনের মধ্যস্থতায় নিউইয়র্কে বৈঠকে বসছে বাংলাদেশ ও মিয়ানমার

রোহিঙ্গা প্রত্যাবাসনের সমস্যা সমাধানে চীনের মধ্যস্থতায় ফের বৈঠকে বসছে বাংলাদেশ ও মিয়ানমার। চলতি মাসের শেষ দিকে নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের ফাঁকে পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের ত্রি-দেশীয় এ বৈঠক হওয়ার কথা রয়েছে। ঢাকার পক্ষ থেকে বেইজিংয়ের মধ্যস্থতা প্রস্তাবের আগেই বলা হয়েছে, প্রত্যাবাসন জট খুলতে বাংলাদেশ যে কোনো স্থানে বৈঠকে বসতে রাজি। ঢাকাস্থ চীনের রাষ্ট্রদূতকে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন স্পষ্ট বলেছেন, যত দ্রুত সম্ভব বাংলাদেশ রোহিঙ্গা বোঝা লাঘব করতে চায়। এ নিয়ে মিয়ানমারের সঙ্গে আলোচনা, সংলাপ বা বোঝাপড়ার জন্য বাংলাদেশ সর্বদা তৈরি আছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৪)।

৫। রোহিঙ্গা শিবিরে এনজিওদের কর্মকাণ্ড খতিয়ে দেখা হচ্ছে :
মার্কিন রাষ্ট্রদূতের সাক্ষাৎ শেষে সাংবাদিকদের সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, টেকনাফ ও উখিয়ার রোহিঙ্গা শিবিরে কোনো এনজিও উস্কানিমূলক কর্মকাণ্ড করছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে। ইতোমধ্যে পাকিস্তানপন্থি কয়েকটি এনজিও চিহ্নিত করা হয়েছে, যারা রোহিঙ্গাদের দোয়া মাহফিল ও মোনাজাতের কথা বলে রাজনৈতিক মহাসমাবেশে রূপান্তর ঘটিয়েছে। গতকাল (৮ সেপ্টেম্বর রোববার) সচিবালয়ে মার্কিন রাষ্ট্রদূত রবার্ট মিলারের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে সেতুমন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন, মিয়ানমারের সেনাবাহিনীর দমন-নিপীড়নের সময় রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় বাংলাদেশের মানবিকতা ও ইতিবাচক ভূমিকার প্রশংসা করেছেন মার্কিন রাষ্ট্রদূত। তিনি আরো বলেন, রোহিঙ্গা ইস্যুতে আমেরিকা বাংলাদেশের পাশে রয়েছে। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৬। 'সত্যের স্পর্ধিত উচ্চারণ' গ্রন্থের মোড়ক উন্মোচন করলেন স্পিকার

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, মইনউদ্দীন খান বাদলের 'সত্যের স্পর্ধিত উচ্চারণ' একটি অসাধারণ গ্রন্থ। সংসদীয় গণতন্ত্রের বিকাশে বইটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। গতকাল (৮ সেপ্টেম্বর রোববার) জাতীয় সংসদের পার্লামেন্ট মেম্বার্স ক্লাবে মইনউদ্দীন খান বাদলের ঐ গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.৪,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

৭। **গণতন্ত্রের জন্য প্রয়োজন শক্তিশালী বিরোধীদল : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, গণতন্ত্রকে শক্তিশালী করার জন্য শক্তিশালী বিরোধীদল প্রয়োজন। আমরা চাই সব বিরোধীদল শক্তিশালী হোক। বিরোধীদল যদি ক্ষয়প্রাপ্ত হয়, গণতন্ত্র কিন্তু ক্ষতিগ্রস্ত হয়। এজন্য আমরা চাই, শুধু জাতীয় পার্টি নয়, বিএনপিসহ সব বিরোধীদল শক্তিশালী থাকুক। গতকাল (৮ সেপ্টেম্বর রোববার) ঢাকায় ঢাকা রিপোর্টার্স ইউনিটি-ডিআরইউ আয়োজিত ‘মিডিয়া ফুটবল টুর্নামেন্ট ২০১৯’-এর সমাপনী অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

৮। **সরকার শিক্ষাকে অধিক গুরুত্ব দিয়ে যাচ্ছে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, বর্তমান সরকার শিক্ষাকে শুরু থেকেই অধিক গুরুত্ব দিয়ে যাচ্ছে। আর এ কারণে শিক্ষার গুণগতমানও বৃদ্ধি পাচ্ছে। আগের চেয়ে সাক্ষরতার হার বেড়েছে। সব মিলিয়ে শিক্ষায় শৃঙ্খলা ফিরে এসেছে। কিন্তু কিছু অসাধু ব্যক্তি সরকারের কার্যক্রমকে প্রশ্নবিদ্ধ করে তুলতে চায়। শিক্ষাখাতের সকল অনিয়ম-দুর্নীতি নির্মূল করা হবে বলে তিনি জানান। গতকাল (৮ সেপ্টেম্বর রোববার) রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে এডুকেশন রিপোর্টার্স অ্যাসোসিয়েশন, বাংলাদেশ এর অভিষেক-২০১৯ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

৯। **জেট্রো প্রতিনিধিদের সঙ্গে বৈঠক : গাড়ি নির্মাণে জাপানের বিনিয়োগ চাইলেন শিল্পমন্ত্রী**

দেশের গাড়ি নির্মাণখাতে জাপানি উদ্যোক্তাদের যৌথ বিনিয়োগের আহ্বান জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি এ দেশ থেকে দক্ষ জনবল নিতেও ঢাকা সফররত জেট্রো প্রেসিডেন্টের সহায়তা চেয়েছেন। জাপান এক্সটার্নাল ট্রেড অর্গানাইজেশনের (জেট্রো) প্রেসিডেন্ট ইয়াসুচি আকাহুসির সঙ্গে গতকাল (৮ সেপ্টেম্বর রোববার) শিল্প মন্ত্রণালয়ে তিনি এসব কথা বলেন। তিনি আরও বলেন, জাপানের উদ্যোক্তারা এরই মধ্যে শিল্প মন্ত্রণালয়ের সঙ্গে যৌথভাবে মোটরসাইকেল ও সার কারখানা স্থাপনসহ বিভিন্ন খাতে বিনিয়োগ করেছেন। দেশটির বিনিয়োগ সম্প্রসারণেও সরকার সহযোগিতা করবে বলে জেট্রোর প্রতিনিধিদলকে আশ্বস্ত করেন শিল্পমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৪), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

১০। **বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলে বড় বিনিয়োগ করতে চায় এডিবি**

বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলে অর্থনৈতিক করিডরে বড় ধরনের বিনিয়োগ করতে আগ্রহী এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। আগামী বছরের মার্চ মাসে দেশের উত্তর-পূর্বাঞ্চলে বিনিয়োগের অর্থনৈতিক গুরুত্ব ও সম্ভাবনা নিয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দেবে সংস্থাটি। গতকাল (৮ সেপ্টেম্বর রোববার) রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে ‘নর্থইস্ট বাংলাদেশ ইকোনমিক করিডর ডেভেলপমেন্ট’ শীর্ষক এক কর্মশালায় এসব তথ্য জানানো হয়। কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেন, দেশের উত্তর-পূর্বাঞ্চলে অর্থনৈতিক করিডরে এডিবির বিনিয়োগের প্রস্তাব একটি ভাল উদ্যোগ। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **নিউ নেশন** (পৃ.১৩,ক.৬)।

১১। **বিআইডব্লিউটিসি’র মূলধন উন্নীত হচ্ছে ৫০০ কোটি টাকায়**

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ করপোরেশনের (বিআইডব্লিউটিসি) মূলধন ৪৫ কোটি টাকা থেকে বাড়িয়ে ৫০০ কোটি টাকায় উন্নীত করা হচ্ছে। এছাড়া প্রয়োজনে সরকার সময় সময় অনুমোদিত মূলধন বৃদ্ধি করতে পারবে। সংস্থাটি কোনো কাজ সম্পাদনের জন্য সরকারের অনুমোদন নিয়ে দেশি বা বিদেশি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ বা অনুদান গ্রহণ করে মূলধন বৃদ্ধি করতে পারবে। এসব বিষয় বাস্তবায়নে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ করপোরেশন (বিআইডব্লিউটিসি) আইন, ২০১৯ প্রণয়ন করেছে নৌপরিবহণ মন্ত্রণালয়। আজ (৯ সেপ্টেম্বর সোমবার) মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এটি অনুমোদনের জন্য উত্থাপন করা হতে পারে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১)।

১২।　বাংলাদেশ বিশ্বের কাছে এক বিস্ময়কর দেশ : স্থানীয় সরকার মন্ত্রী

স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, বাংলাদেশ বর্তমানে বিশ্বের কাছে বিস্ময়কর একটি দেশে পরিণত হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে দেশ ক্রমাগত এগিয়ে যাচ্ছে। দেশের এ উন্নয়ন ও অগ্রযাত্রা অব্যাহত রাখতে হলে জনগণকে এর সাথে সম্পৃক্ত করতে হবে। তিনি বলেন, গাজীপুরকে নিয়ে সরকারের মহাপরিকল্পনা রয়েছে। এ পরিকল্পনা বাস্তবায়িত হলে গাজীপুরের যে উন্নয়ন হতো তা সারা দেশে ছড়িয়ে পড়বে। এজন্য মেয়র ও কাউন্সিলরদের এক হয়ে উন্নয়ন কাজে শরীক হতে হবে। এ সময় তিনি বিদেশি বিনিয়োগকারীদের গাজীপুরে বেশি বেশি বিনিয়োগ করার আহব্বান জানান। গতকাল (৮ সেপ্টেম্বর রোববার) গাজীপুরের রাজবাড়ী মাঠে গাজীপুর সিটি করপোরেশন আয়োজিত ডেঙ্গু প্রতিরোধ, বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক সচেতনতামূলক আলোচনা ও বিভিন্ন উন্নয়ন কাজের ফলক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫)।

১৩।　পাটখাতের সমস্যা সমাধানে সরকার সচেষ্ট : পাটমন্ত্রী

দেশের পাটখাতের সমস্যা সমাধানে সরকার সচেষ্ট রয়েছে বলে জানিয়েছেন বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী (বীরপ্রতীক)। গতকাল (৮ সেপ্টেম্বর রোববার) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে বাংলাদেশ জুট অ্যাসোসিয়েশনের সদস্যদের সঙ্গে বৈঠকে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, দেশীয় সংস্কৃতি ধারণ ও পরিবেশবান্ধব পাটজাত সামগ্রীর ব্যবহার বাড়ানোর মাধ্যমে পাটের সোনালি সুদিন ফিরিয়ে এনেছে সরকার। পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০-এর শতভাগ ও সুষ্ঠু বাস্তবায়ন করা হয়েছে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৬)।

১৪।　রেলওয়ের জমি দখলমুক্ত করা হবে : রেলমন্ত্রী

রেলপথমন্ত্রী নূরুল ইসলাম সুজন বলেছেন, বাংলাদেশ রেলওয়ের দখলকৃত জমিসহ রেলের কোয়ার্টার বা বাংলো থেকে অবৈধ দখলদার উচ্ছেদ করা হবে। রেলওয়ের উন্নয়নের জন্যই এটা করা হচ্ছে। পরবর্তী সময়ে এগুলো শৃঙ্খলার মধ্যে আনতে ব্যবস্থা নেয়া হবে। গতকাল (৮ সেপ্টেম্বর রোববার) পঞ্চগড়ে তিনদিনের সফর শেষে ঢাকায় যাওয়ার পথে নীলফামারীর সৈয়দপুর বিমানবন্দরে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন রেলমন্ত্রী। রেলমন্ত্রী বলেন, এবার কোনোভাবেই উচ্ছেদ অভিযান বন্ধ করা হবে না। যারা রেলওয়ের জমি বা কোয়ার্টার দখল বা বিক্রির সঙ্গে জড়িত, তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা অবশ্যই গ্রহণ করা হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৪,ক.৬)।

১৫।　শতভাগ সাক্ষরতা অর্জন বড় চ্যালেঞ্জ : প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী

প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন বলেছেন, আমরা সাক্ষরতার হার বাড়াতে কাজ করে যাচ্ছি। তবে শতভাগ সাক্ষরতা অর্জন আমাদের জন্য বড় চ্যালেঞ্জ। আমাদের লক্ষ্যমাত্রায় পৌঁছাতে এখনো অনেক কাজ বাকি রয়েছে, সেগুলো শুরু করা হয়েছে। গতকাল (৮ সেপ্টেম্বর রোববার) বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে ‘আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ২০১৯’ উপলক্ষে এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.১)।

১৬।　আগামী ৯ অক্টোবর থেকে ২২ দিন ইলিশ ধরা ও বিক্রি নিষিদ্ধ

বাংলাদেশের জলসীমায় অনুপ্রবেশ করা দুই জাহাজের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা : মৎস্য প্রতিমন্ত্রী

ইলিশ রক্ষায় প্রধান প্রজনন মৌসুম হিসেবে এবার আগামী ৯ অক্টোবর থেকে ৩১ অক্টোবর পর্যন্ত (২২ দিন) ইলিশ ধরা ও বিক্রি নিষিদ্ধ থাকবে বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী মো. আশরাফ আলী খান খসরু। এছাড়া, বাংলাদেশের জলসীমায় অনুপ্রবেশ করা দুই জাহাজের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে তদন্ত কমিটি গঠন করা হয়েছে বলেও জানান তিনি। গতকাল (৮ সেপ্টেম্বর রোববার) সচিবালয়ে বাংলাদেশের সমুদ্রসীমায় দু'টি বিদেশি জাহাজের অনুপ্রবেশের বিষয়ে নীতিনির্ধারণী সভাশেষে প্রতিমন্ত্রী সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রাজধানীর মহাখালীতে আবার বাসের ধাক্কায় ফুটপাতে পড়ে মাথা ফেটে এক কর্মজীবী নারী মৃত্যুবরণ করার কথা উল্লেখ করে সড়কে শৃঙ্খলা ফেরাতে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **সমকাল :** টাঙ্গাইলের ঘাটাইল উপজেলায় বাল্যবিয়ে রোধ করা যাচ্ছে না, যার কারণে দশম শ্রেণিতে উঠার আগেই ঝরে পড়ে অর্ধেক শিক্ষার্থী উল্লেখ করে বাল্যবিয়ে রোধে দৃষ্টি দেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **ইনকিলাব :** গণপরিবহণ হিসেবে ব্যবহৃত গাড়ি নির্মাণে যশোরের ওয়ার্কশপ ও উদ্যোক্তারা নতুন সম্ভাবনার পথ দেখাচ্ছেন উল্লেখ করে এ সম্ভাবনা কাজে লাগানোর সুপারিশ।

ঘ. **যায়যায়দিন :** প্রতারণার মাধ্যমে বিভিন্ন ব্যাংকের এটিএম বুথ থেকে টাকা চুরি করার অভিযোগে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ উল্লেখ করে সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ সাপেক্ষে যথাযথ নিরাপত্তা নিশ্চিত করা এবং এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে প্রয়োজনীয় সব ধরনের উদ্যোগ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **সংবাদ :** বাংলাদেশ ভূখণ্ড ব্যবহার করে ভারতের এক রাজ্য থেকে অন্য রাজ্যে অস্ত্র চোরাচালান হচ্ছে উল্লেখ করে বাংলাদেশ ও ভারত দুই দেশেরই নিরাপত্তার স্বার্থে অস্ত্র চোরাচালান বন্ধ করা জরুরি বলে অভিমত প্রকাশ।

চ. **ডেইলি সান :** কিশোর-তরুণদের অপরাধ প্রবণতা রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **অবজারভার :** সবজি ও মাছের মূল্যবৃদ্ধির কথা উল্লেখ করে নিত্যপণ্যের মূল্যবৃদ্ধি রোধে যথাযথ পদক্ষেপ কামনা।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'অমিত সম্ভাবনার তারুণ্য শক্তি'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, দেশ গঠনে এবং সামনে থেকে নেতৃত্ব প্রদান করার ক্ষেত্রে তরুণদের ভূমিকা অনস্বীকার্য।

#

ডালিয়া/রিদওয়ান/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা